জীবননগরে দুই মাদকসেবীর ৩ মাসের কারাদণ্ড

জীবননগরে দুই মাদকসেবীকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রামমাণ আদালত। আজ সোমবার (১৩ নভেম্বর) সকাল ১০টার দিকে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এই কারাদণ্ড দেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজ।

এর আগে মাদকসেবন অবস্থায় জীবননগর শাপলাকলি পাড়ার রমজান আলীর ছেলে রিফাত ও উপজেলায় কর্চাডাঙ্গার গ্রামের আখের আলীর স্ত্রী মোছা. ফিরোজাকে গ্রেপ্তার করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, আজ সোমবার সকাল সাড়ে ৯টার দিকে জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে মাদকসেবন অবস্থায় রিফাত ও মোছা. ফিরোজাকে আটক করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা।

এসময় তাঁদের কাছ থেকে ৩শ গ্রাম গাঁজা ও ৩০ পিস ইয়াবা জব্দ করা হয়। পরে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজকে খবর দেওয়া হলে তিনি ঘটনাস্থলে যান।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দুজনকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দেন তিনি। এসময় জব্দ মাদক জনসম্মুখে ধ্বংস করা হয়। আর দুজনকে কারাগারে পাঠানো হয়।